

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
১ম-১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)  
সেগুনবাগিচা, ঢাকা।  
[www.bkkb.gov.bd](http://www.bkkb.gov.bd)



নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৮১.০০৭.১৯. ৭৫৫

তারিখ: ২৬/১০/২০২০ খ্রি.

পরিপত্র

বিষয়: কল্যাণভাতা, যৌথবীমা এবং দাফন/অঙ্গোচ্চিক্রিয়া অনুদানের "Service Simplification Software"  
ব্যবহারের মাধ্যমে অনলাইন ব্যবস্থাপনা চালু

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের ৩টি সেবার (কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদান) পৃথক ফরমগুলো একত্রিত করে ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন দাখিল ও একসাথে অনুমোদন প্রদান সংক্রান্ত উক্তাবনী উদ্যোগটি ২৫তম বোর্ড সভায় অনুমোদিত হয় এবং পরিপত্র জারির মাধ্যমে সমরিত ফরমটি কার্যকর করা হয়।

০১। পরবর্তীতে বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৮ম অধ্যায়ের ২৬০ নং নির্দেশে, এটুআই প্রোগ্রামের সেবাপক্ষতি সহজিকরণ বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৮/২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উক্তাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের পক্ষে উক্তাবন সংক্রান্ত নির্দেশনা মোতাবেক বোর্ডের কল্যাণ-যৌথ-দাফন অনুদানের ফরম-০২ পুনরায় সহজিকরণ করা হয়, যা ৩০তম বোর্ড সভায় অনুমোদিত হয়।


০২। ৩টি অনুদানের জন্য ১টি ফরমে একই কাগজপত্র দিয়ে আবেদন প্রহণ এবং একসাথে অনুমোদন সংক্রান্ত উক্তাবনী উদ্যোগটি বাস্তবায়নের জন্য সফটওয়্যার (Service Simplification Software) প্রস্তুত করে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ডাটা সেটারে হোস্টিং করা হয়েছে যার URL: [sss.bkkb.gov.bd](http://sss.bkkb.gov.bd)।

০৩। বোর্ডের কল্যাণ-যৌথ-দাফন অনুদান সেবার অনলাইন ব্যবস্থাপনা চালুর বিষয়ে নির্মাণ নির্দেশনা জ্ঞান করা হলো:

(ক) কল্যাণভাতা, যৌথবীমা ও দাফন অনুদানের আবেদনের ক্ষেত্রে ১ নভেম্বর, ২০২০ হতে অনলাইনে URL: [sss.bkkb.gov.bd](http://sss.bkkb.gov.bd) ব্যবহার করে আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্রের ক্ষয়ান কপি সংযুক্ত করে আবেদন দাখিল করতে হবে। অনলাইনের পাশাপাশি আবেদনের হার্ড কপি প্রেরণ করতে হবে;

(খ) প্রাথমিক পর্যায়ে ঢাকা মহানগরের অধিক্ষেত্রে অবস্থিত সকল অফিসের কর্মকর্তা-কর্মচারীগণ এ লিংকের সাহায্যে অনলাইনে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড আবেদন করতে পারবেন। পরবর্তীতে কল্যাণ-যৌথ-দাফন অনুদান এর অনলাইন ব্যবস্থাপনা কার্যক্রম সারা দেশে রেপ্লিকেট করা হবে।

জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

  
সত্যবৃত্ত সাহা  
মহাপরিচালক(সরকারের সচিব)  
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড  
ফোন: +৮৮-০২-৪৯৩৪৯৩২৩  
ই-মেইল: [dth@bkkb.gov.bd](mailto:dth@bkkb.gov.bd)

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব, .....|  
.....|
৩. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/  
ময়মনসিংহ বিভাগ।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।
৫. .....|  
.....|
৬. পরিচালক(প্রশাসন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
১০. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা/ময়মনসিংহ।
১২. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৩. তথ্য অফিসার, পি.আই.ডি, সংবাদ কক্ষ।
১৪. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।